

স্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমেস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি জি ২.৫৬এ

বিষয় : আধুনিক বাংলা ছোটগল্প

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের।

১। জীবনানন্দের 'রক্তমাংসহীন' গল্পে 'গল্প' তেমন কিছুই নেই। নামহীন এক চরিত্র গোটা রচনা জুড়ে নিস্পৃহ, উদাসীন থাকে, এমনকি স্ত্রীর মৃত্যুতেও সে নির্লিপ্ত রয়ে যায়। তুমি কি একে ভালো গল্প, কিংবা আদৌ গল্প বলে মনে কর? নিজের মত স্পষ্টভাবে জানাও।

অথবা

২। সন্দীপন চট্টোপাধ্যায়ের গল্প 'আট বছর পরে একদিন' গল্পের শেষে একটি পিঁপড়ের উপর নেমে আসে নায়কের নিষ্ঠুর আক্রমণ। গল্পের অন্তিমে এই নিষ্ঠুরতা কোন কাজে লাগল? গল্পের ঘটনাক্রম কেন এই দৃশ্যে পৌঁছল তা নিয়ে তোমার কী মনে হয় যুক্তিসহ লেখো।

৩। তোমার কি মনে হয়, শ্যামল গঙ্গোপাধ্যায়ের 'চন্দনেশ্বরের মাচানতলা' গল্পে গ্রামবীক্ষা ও কৃষি-অর্থনীতি সম্পর্কে বিশেষ কোনো ভাবনার তাৎপর্য পরিস্ফুট হয়েছে? যুক্তিসহ লেখো।

অথবা

৪। তুমি কি মনে করো, মহাশ্বেতা দেবীর 'ভাত' গল্পে উৎসবের জীবনে যে চরম, নির্মম পরিণতি নেমে এসেছে, তা নিয়তি নির্ধারিত? যুক্তিসহ লেখো।

৫। 'স্টিলের চঞ্চু' ছোটগল্পের স্টিলের চঞ্চু কীসের প্রতীক? গল্প অবলম্বনে সুধীশ চরিত্রটি ব্যাখ্যা করো।

অথবা

৬। 'মাংসখেকো ঘোড়া' ছোটগল্পে বিজ্ঞাপন নিয়ন্ত্রিত উত্তর-আধুনিক সময়ের চালচিত্র কীভাবে ধরা পড়েছে আলোচনা করো।

৭। 'গোনাহ' গল্পে আফসার আমেদ বিভ্রান্ত চরিত্রগুলোকে সময়ের ও ব্যবস্থার সঙ্গে মানিয়ে না নেওয়ার স্পর্ধা দিয়ে তৈরি করেছেন। গল্প অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।

অথবা

৮। জমি বন্টন ও রক্ষার দ্বন্দ্ব অমর মিত্রের 'হস্তান্তর' গল্পে দুটি মানুষের হয়রানি কীভাবে বর্ণিত হয়েছে, গল্প অবলম্বনে বিচার করো।

★ ★ ★